

চেনা অপরাধ অচেনা কাহিনি

গোয়েন্দাসাহিত্য পাঠের চিন্তনসূত্র

সম্পাদনা

অনামিকা দাস

Chena Aporadh Achena Kahini: Goyendasahitya Pather Chintansutra
Edited by Anamika Das

first Published in October, 2023

© Center for Language, Translation & Cultural Studies, 2023

© Editorial rights: Anamika Das, 2023

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স ইলেক্ট্রনিক বা অন্য কোনো মাধ্যম, যেমন ফটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনো পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনো ডিস্ক, টেপ, পারফোরটেড মিডিয়া বা কোনো তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ISBN: 978-93-82112-89-1

প্রকাশক

সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

কলকাতা

মুদ্রক

ফাইকাস

এন্টালি, কলকাতা

পৃষ্ঠাবিন্যাস

কৌশিক আকী

মূল্য

৩৫০ টাকা

সূচি

প্রাককথন	৭
উপক্রমণিকা	৯
শখের গোয়েন্দার অস্তিত্ব কি সংকটে? অরিন্দম দাশগুপ্ত	৩৩
বিষ-বিষাক্ত-বিষময় অরিন্দম দাশগুপ্ত	৪৩
অপরাধের মনস্তত্ত্ব অমিত চক্রবর্তী	৫৯
অপরাধকাহিনি, অপরাধী, অপরাধ-কথক: শব্দ থেকে ইমেজের পথে পরিচয় পাত্র	৬৭
গোয়েন্দাকাহিনি পাঠ: আগাথা ক্রিস্টির <i>The Murder of Roger Ackroyd</i> অনামিকা দাস	৮৩
অণু-সঙ্গে বিষ কিংশুক দাস	১০৬
বিষ-অণু-সন্ধান কিংশুক দাস	১৩৮
প্রাবন্ধিক পরিচিতি	১৭২

প্রাককথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদের অন্তর্গত ‘সেন্টার ফর ল্যাংগুয়েজ ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ’ বিগত কয়েক বছর ধরে তরুণ উৎসাহী শিক্ষকদের গবেষণা প্রকল্প নিষ্পত্তি কাজকে গুরুত্ব সহকারে বিবেচনা করে বৃহত্তর পাঠকসমাজের উদ্দেশ্যে তুলে ধরতে চেয়েছে। এই গ্রন্থ তেমনই একটি প্রয়াস। বিশ্ববিদ্যালয় অনুমোদিত গবেষণা প্রকল্পে আয়োজিত কর্মশালা ও সেমিনারে পঠিত প্রবন্ধের সংকলনকে এখানে সাজিয়ে তোলা হয়েছে সুনির্দিষ্ট বিষয়ভিত্তিক লক্ষ্য সামনে রেখে। অপরাধ সাহিত্যের পাঠ-প্রকরণ বিষয়ক একটি গবেষণা প্রকল্পে উঠে আসা ভাবনাচিন্তাকে সংহত করে এই গ্রন্থে বিন্যস্ত করা হয়েছে। গবেষক ড. অনামিকা দাস এজন্য ধন্যবাদার্থ।

বাংলা ভাষায় গোয়েন্দাসাহিত্য চর্চা কমদিনের নয়। কিন্তু বিদ্যায়তনিক পরিসরে অপরাধসাহিত্য অথবা গোয়েন্দাসাহিত্য বিগত কয়েক দশক আগেও তেমনভাবে চর্চায় উঠে আসে নি। রয়ে গেছে জনপ্রিয় গল্প-উপন্যাসের নিশ্চিত পরিসরে। সাম্প্রতিক কালে স্নাতক ও স্নাতকোত্তর বাংলা ভাষা সাহিত্যের পাঠ-প্রকরণে এমন কিছু বিষয় উঠে এসেছে, যেগুলি মূলত উনিশ শতকীয় ঔপনিবেশিক সমাজে পাশ্চাত্যের হাত ধরে এদেশে এসেছিল। একদিকে ইংরেজি ও ইউরোপীয় সাহিত্যের বিপুল এলাকায় ক্রাইম ফিকশনের স্বতন্ত্র জোরালো অবস্থান, অন্যদিকে ঔপনিবেশিক আমলে সেই প্রবণতাগুলির অনুরণনে মথিত হতে হতে বাংলার পাঠকসমাজ গোয়েন্দা সাহিত্যকেও গুরুত্ব দিয়ে বিবেচনা করতে শিখেছে। উপনিবেশোত্তর কালে এবং বিশ্বায়িত সমাজে কাহিনির আন্তর্জাতিক বিস্তার, অপরাধ সাহিত্যের সীমানাকে ভেঙে বিবিধ চূর্ণক সহ অন্যান্য সাহিত্য সংরূপের সঙ্গে মিলিয়ে দিয়েছে। সুকুমারবাবুর ‘ক্রাইম কাহিনীর কালক্রান্তি’ যে ইশারা দিয়েছিল, তা থেকে বাংলা গোয়েন্দাসাহিত্য অনেক এগিয়েছে—সে এগোনো পাশ্চাত্য অভিমুখী হলেও দেশজ কাহিনীক্রমের পরম্পরা অনুসন্ধানের সুযোগও এক্ষেত্রে যথেষ্ট রয়েছে। ক্রাইমকাহিনি পাঠের চিন্তনসূত্রগুলিকে মূলত সাহিত্যিক ইতিহাসের পরম্পরায় দেখতে চাওয়া এক ধরনের আন্তর্বিদ্যায়তনিক রেওয়াজ যা আজ আমাদের সাহিত্যপাঠের

৮ চেনা অপরাধ অচেনা কাহিনি

অন্যতম প্রধান অভিমুখ হয়ে গেছে। বাংলা ভাষায় এসব চর্চার প্রয়াস অপ্রতুল। ইংরেজি গ্রহীম ফিকশন পাঠের অভিজ্ঞতাকে সঙ্গী করে তরুণ ও যোগ্য গবেষক এই গ্রন্থ সম্পাদনা করেছেন। বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক পাঠের বিবিধ পরিসর এবং সেগুলির তুলনামূলক বিস্তারে অপরাধসাহিত্যের চিন্তনসূত্র অনুসন্ধানের এই ছোট প্রয়াসটি পাঠক মহলে সমাদৃত হবে, এই আশা করি।

কৃতজ্ঞচিত্তে স্মরণ করি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এমন একটি সেন্টার তৈরির মত সময়োপযোগী পরিকল্পনা যাঁরা গ্রহণ করেছিলেন তাঁদের সকলকে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আর্থিক অনুদানে তরুণ ও উৎসাহী শিক্ষকদের জন্য গবেষণা প্রকল্প প্রদান খুব বেশি হয়ে ওঠে না। সেই ব্যতিক্রমী সিদ্ধান্ত গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় এ আনন্দের কথা তো বটেই! আরও পাঠ-পাঠান্তরে আলোকিত হয়ে উঠুক আগ্রহী গবেষকদের চিন্তার আঙিনা, এমন প্রত্যাশা আমাদের জাগিয়ে রাখুক।

ডি.ডি. ২৬, সেক্টর ১,
সল্টলেক সিটি, কলকাতা ৬৪

মননকুমার মণ্ডল
অধিকর্তা, স্কুল অব হিউম্যানিটিস
কোঅর্ডিনেটর
সেন্টার ফর ল্যান্ডস্কেপ ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়